



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর  
গাজীপুর-১৭০৭।



স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/বিজ্ঞপ্তি/৪৮৯/১২/ ৯২৭

তারিখ : ০৪/০৪/২০২১ খ্রি:

বিজ্ঞপ্তি

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ পুনরায় উদ্বেগজনক হারে বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে ইহার বিস্তার রোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিদ্ধান্তের আলোকে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর সকল কার্যক্রম আগামী ১১ এপ্রিল, ২০২১ তারিখ পর্যন্ত বন্ধ থাকিবে। উল্লেখ্য, শিক্ষার্থীদের ক্লাশ সমূহ ও চলমান গবেষণা কার্যক্রম অনলাইনে পরিচালিত হইবে এবং সভা, প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার যথাসম্ভব অনলাইনে সম্পন্ন করিতে হইবে।

২। সরকারি নির্দেশনা মোতাবেক জরুরী পরিসেবা সমূহ (মেডিকেল, প্রকৌশল, পরিকল্পনা ও উন্নয়ন, নিরাপত্তা, যানবাহন, আইসিটি ইত্যাদি) যথারিতি চালু থাকিবে এবং রেজিস্ট্রার দপ্তর, অর্থ ও হিসাব, অডিট সেল এর কার্যক্রম সীমিত আকারে চালু থাকিবে। অন্যান্য বিভাগ/দপ্তর/শাখায় কর্মরতগণ স্ব-স্ব বিভাগ/দপ্তর/শাখা প্রধানের নির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালন করিবে। কর্মক্ষেত্রে অনুপস্থিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ যাহাতে জরুরী প্রয়োজনে কর্মস্থলে উপস্থিত হইতে পারেন, সেই জন্য স্টেশন ত্যাগ না করিয়া স্ব স্ব গৃহে অবস্থান করিবেন।

৩। বিশ্ববিদ্যালয়ে কর্মরতদের বা তাঁহাদের পরিবারের কোন সদস্যের করোনা উপসর্গ দেখা দিলে বা আক্রান্ত হইলে তাহা সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/শাখা প্রধানকে অবগত করিতে হইবে। সর্বাবস্থায় সকলকে সরকারি স্বাস্থ্যবিধি ও নির্দেশনা কঠোরভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হইল।

... ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

*Am* 04.04.2021

অধ্যাপক ড. মোঃ আনওয়ারুল আবেদীন  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন: ৪৯২৭৪০০৩ (অফিস)

স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/বিজ্ঞপ্তি/৪৮৯/১২/ ৯২৭

তারিখ : ০৪/০৪/২০২১ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) অনুলিপি :-

- ১। সকল - ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/শাখা প্রধান  
(বিভাগ/দপ্তরের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
- ২। সভাপতি, ক্যাম্পাস ওয়েলফেয়ার কমিটি;
- ৩। পরিচালক, কম্পিউটার সেন্টার  
(বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
- ৪। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। সিনিয়র সহকারী পরিচালক (নিরাপত্তা);
- ৬। সিনিয়র সহকারী পরিচালক, পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) দপ্তর;
- ৭। সকল নোটিশ বোর্ড;
- ৮। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

08/04/2021  
(আবদুল্লাহ আল মাহমুদ)  
ডেপুটি রেজিস্ট্রার